দৈনিক সংবাদ

136

..0 DEC..1998

পৃঃ ৮ কলাম ২

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাত্রী পীড়নের দায়ে শিক্ষক সাসপেন্ড

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ছাত্রীর উপর যৌন নিপীড়নের দায়ে অভিযুক্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। চূড়ান্তভাবে বরখাস্ত করার জন্য ট্রাইব্যুনাল গঠন হতে পারে। তবে তার আগে অভিযুক্তকে কারণ দর্শাও নোটিশ দেয়া হবে আত্মপক্ষ সমর্থনের জন্য।

এ বিষয়ে গঠিত প্রাথমিক তদন্ত কমিটি তাদের রিপোর্ট জমা দেয়ার পর রিপোর্টের সুপারিশের ভিত্তিতে অভিযুক্ত অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয় ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গত শুক্রবার রাতে অনুষ্ঠিত এক সভায়।

শিক্ষক ঃ পৃঃ ৭ কঃ ৩

## শিক্ষক ঃ সাসপেন্ড

( ১ম পৃষ্ঠার পর )

সূত্র জানায়, অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হয়েছে। চূড়ান্তভাবে নিশ্চিত হওয়ার জন্য কর্তৃপক্ষ আবার কমিটি গঠন করতে পারেন। এরপর ট্রাইব্যুনালের মাধ্যমে চূড়ান্তভাবে তাকে চাকরিচ্যুত করার ব্যবস্থা করা হবে।

সূত্রমতে, কোন শিক্ষককে চাকরিচ্যুত করতে হলে তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হয়। এরপর ট্রাইব্যুনাল গঠন করতে হয়। ট্রাইব্যুনালের মাধ্যমেই কেবল কারো ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

গত ২৯শে নভেম্বর লোক প্রশাসন বিভাগের মাস্টার্সের ছাত্রী অর্থনীতি বিভাগের অধ্যাপক শাহীদুজ্জামানের বিরুদ্ধে উপাচার্যের কাছে লিখিত এক অভিযোগে যৌন নিপীড়নের অভিযোগ করে।

এদিকে যৌন নিপীড়ন বন্ধের দাবিতে এবং অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে চূড়ান্ত শাস্তির দাবিতে 'যৌন নিপীড়ন' বিরোধী ছাত্র–ছাত্রীরা সমাবেশ আহ্বান করেছে। এর আগে তারা গতকাল শনিবার রাতে রোকেয়া, শামসুন নাহার ও মৈত্রী হলে পৃথকভাবে মিছিল করে।